গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন অধিশাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

**বিষয় : ২০২২-২৩ অর্থবছরের সেপ্টেম্বর, ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ : ২৫-০৯-২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় : দুপুর ২.০০ ঘটিকা
স্থান : অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি : **পরিশিষ্ট-ক**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ | ২৫-০৮-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ২৫-০৮-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) |
| ২। | আলোচ্য বিষয় অন্তর্ভুক্তি | সহকারী মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) বলেন যে, সভার কার্যপত্রের আলোচ্যসূচীতে নতুন কোন বিষয় অন্তর্ভূক্তির প্রস্তাব পাওয়া গেলে তা আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করা হবে। | পরবর্তি সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় অন্তর্ভুক্ত করতে চাইলে সংশ্লিষ্ট সকলকে সভা অনুষ্ঠানের অন্তত ০৩ (তিন) কার্যদিবস পূর্বে সে বিষয়ে লিখিত প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। | ১। উপমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল) |
| ৩। | মুজিব জন্মশত বার্ষিকী উদযাপন | ক) প্রধান কার্যালয়/ উপমহাপরিদর্শকের কার্যালয়ের কোনো কর্মকর্তা বিভিন্ন অঞ্চলে দাপ্তরিক বা ব্যক্তিগত কাজে গেলে রোপিত বৃক্ষের সাম্প্রতিক অবস্থা পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।<br><br>খ) সভায় জানানো হয় যে, মুবিববর্ষ উপলক্ষ্যে বৃক্ষরোপণ কার্যক্রমের অংশ হিসেবে ১৩৮৭৯টি বৃক্ষরোপণ করা হয়। এর মধ্যে জীবিত বৃক্ষের সংখ্যা ১২১৫৬টি এবং মৃত বৃক্ষের সংখ্যা ১৭২৩টি অর্থাৎ ৮৮ শতাংশ বৃক্ষ জীবিত আছে। সভাপতি পরিদর্শনপূর্বক কার্যক্রম চলমান রাখার নির্দেশনা | ক) অত্র দপ্তরের কোনো কর্মকর্তা বিভিন্ন অঞ্চলে দাপ্তরিক বা ব্যক্তিগত কাজে গেলে রোপিত বৃক্ষের সাম্প্রতিক অবস্থা পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) রোপিত বৃক্ষের মধ্যে যেগুলো জীবিত আছে তার পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং যে সকল জায়গায় গাছ মারা গিয়েছে সেসকল জায়গায় পুনরায় গাছ লাগাতে হবে।<br>স্ব স্ব কার্যালয়কে রোপিত বৃক্ষের মধ্যে জীবিত ও মৃত বৃক্ষের হালনাগাদ তথ্য (সংখ্যাভিত্তিক) অগ্রগতি প্রতিবেদনের সাথে সংযুক্তি আকারে প্রেরণ করতে | ১। প্রশাসন অধিশাখা (প্রধান সমন্বয়কারী)<br><br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>৩। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকবৃন্দ |

চলমান পাতা- ০২

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | প্রদান করেন এবং যে সকল জায়গায় রোপনকৃত গাছ মারা গিয়েছে সেসকল জায়গায় পুনরায় গাছ লাগানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | হবে। | |
| ৪। | LIMA সংক্রান্ত কার্যক্রম | ক) নতুন এবং নবায়নকৃত লাইসেন্স লিমার মাধ্যমে করার নির্দেশনা প্রদান করা হয় এবং কোন ধরণের কারিগরি সমস্যার সম্মুখীন হলে লিমা টিমের সাথে যোগাযোগপূর্বক সমাধানের পরামর্শ প্রদান করা হয়।<br><br>খ) ২৩টি উপমহাপরিদর্শক কার্যালয়ের পরিদর্শকগণের লিমা বিষয়ক চলমান প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত থাকার বিষয়ে যুগ্ম-মহাপরিদর্শক (সেইফটি) সভায় উপস্থাপন করলে অতিরিক্ত মহাপরিদর্শক প্রশিক্ষণ চালিয়ে যাওয়ার নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) সভাপতি ২১ আগস্ট ২০২২ তারিখে গঠিত কমিটি কর্তৃক ডিজিটাল লাইসেন্স নম্বরের কাঠামোর খসড়া, লাইসেন্সের ধরণ নির্দিষ্টকরণ, সকল ধরণের অধীন কারখানা/প্রতিষ্ঠান-এর সেক্টর ভিত্তিক তালিকার খসড়া নির্ধারন এবং ই-নথির ধরণের কোড নির্দিষ্টকরণের কার্যক্রম অক্টোবর, ২০২২ তারিখে মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।<br><br>ঘ) যুগ্মমহাপরিদর্শক সভায় বলেন, GIZ-এর পক্ষ হতে একজন টেকনিক্যাল এক্সপার্ট অনবোর্ড করা, জুলাই/২০২৩ পর্যন্ত লিমার কার্যক্রমকে সাপোর্ট করার জন্য টেকনোভিস্তাকে সম্পৃক্ত রাখা এবং মোবাইল অ্যাপসকে আপডেট করা বিষয়ে অনুরোধ করার হলে তা দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করা হবে মর্মে giz জানিয়েছে। | ক) নতুন এবং নবায়নকৃত লাইসেন্স লিমার মাধ্যমে প্রদান করতে হবে এবং কোন ধরণের কারিগরি সমস্যার সম্মুখীন হলে লিমা টিম সমাধানের ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>খ) ২৩টি উপমহাপরিদর্শক কার্যালয়ের পরিদর্শকগণের লিমা বিষয়ক চলমান প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত থাকবে এবং সংখ্যাভিত্তিক তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>গ) ডিজিটাল লাইসেন্স নম্বরের কাঠামোর খসড়া, লাইসেন্সের ধরণ নির্দিষ্টকরণ, সকল ধরণের অধীন কারখানা/প্রতিষ্ঠান-এর সেক্টর ভিত্তিক তালিকার খসড়া নির্ধারন এবং ই-নথির ধরণের কোড নির্দিষ্টকরণের কার্যক্রম অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>ঘ) GIZ-এর পক্ষ হতে একজন টেকনিক্যাল এক্সপার্ট অনবোর্ড করা, জুলাই/২০২৩ পর্যন্ত লিমার কার্যক্রমকে সাপোর্ট করার জন্য টেকনোভিস্তাকে সম্পৃক্ত রাখা এবং মোবাইল অ্যাপসকে আপডেট করা বিষয়ক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সেইফটি)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। LIMA সাপোর্ট টিম |
| ৫। | হেল্পলাইন (১৬৩৫৭)-এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি | ক) আইসিটি সেলের সদস্য সচিব সভায় জানান, লিমাসহ সকল যোগাযোগ মাধ্যমে একই ধরণের অভিযোগ ফরম ব্যবহারের লক্ষ্যে অভিযোগ সংক্রান্ত খসড়া ফরম প্রস্তুত করা হয়েছে। সভাপতি খসড়া ফরমটি | ক) লিমাসহ সকল যোগাযোগ মাধ্যমে একই ধরণের অভিযোগ ফরম ব্যবহারের লক্ষ্যে অভিযোগ সংক্রান্ত খসড়া ফরম প্রস্তুত করা হয়েছে। খসড়া ফরমটি অতিরিক্ত মহাপরিদর্শকসহ যুগ্মহাপরিদর্শক (সকল)-এর মতামতের | ১। **অতিরিক্ত মহাপরিদর্শক**<br><br>২। **যুগ্ম**মহাপরিদর্শক **(সকল)** |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | অতিরিক্ত মহাপরিদর্শকসহ যুগ্মহাপরিদর্শক (সকল)-এর মতামতের মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের করে দ্রুত সময়ের মধ্যে লিমায় অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) অভিযোগ সংক্রান্ত সফটওয়্যার প্রস্তুত এবং সফটওয়্যারটি লিমার সাথে ইন্টিগ্রেটেডের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের করে দ্রুত সময়ের মধ্যে লিমায় অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**খ)** অভিযোগ সংক্রান্ত সফটওয়্যার প্রস্তুতের কার্যক্রম আগামী সভায় উপস্থাপন করতে হবে। | **৩**। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>**৪**। আইসিটি সেল |
| ৬। | শিশুশ্রম নিরসন | (ক) প্রতি মাসে কতজন শিশু শ্রম হতে নিরসন হয়েছে তা প্রধান কার্যালয়ের স্বাস্থ্য শাখায় প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রতিবেদনে শ্রম হতে প্রত্যাহারকৃত শিশুর বিস্তারিত বিবরণ **(মোবাইল নাম্বারসহ অন্যান্য সকল তথ্য)** উল্লেখ থাকবে।<br><br>খ) **সিলেট, মুন্সিগঞ্জ, ফরিদপুর, কুমিল্লা, সিরাজগঞ্জ কার্যালয় শূন্য প্রতিবেদন প্রেরণ করেছেন। এছাড়া অন্যান্য কার্যালয়সমূহও সন্তোষজনক হারে শিশুশ্রম নিরসন করেনি মর্মে জানানো হলে** যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, এপিএ লক্ষ্যমাত্রা ২৫০০ জন হলেও তা পূরণের জন্য **৩৪৫৫ জন শিশুকে শ্রম হতে নিরসন করার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। তার বিপরীতে আগস্ট/২০২২ পর্যন্ত ৪৩৫ জন শিশুকে শ্রম হতে নিরসন করা সম্ভব হয়েছে। যা আনুপাতিক হারে কিছুটা কম। তিনি সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণকে লক্ষ্যমাত্রা পূরণের জন্য কার্যক্রমকে জোরদার করার অনুরোধ করেন।**<br><br>**গ) নতুন ৮টি উপমহাপরিদর্শকের কার্যালয়কে ৩৪৫৫ জন শিশুকে শ্রম হতে নিরসন করার লক্ষ্যমাত্রার সাথে যুক্ত করে স্বাস্থ্য শাখা কর্তৃক একটি পত্র প্রেরণ করা যেতে পারে।** | ((ক) প্রতি মাসে কতজন শিশু শ্রম হতে নিরসন হয়েছে তা প্রধান কার্যালয়ের স্বাস্থ্য শাখায় প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রতিবেদনে শ্রম হতে প্রত্যাহারকৃত শিশুর বিস্তারিত বিবরণ **(মোবাইল নাম্বারসহ অন্যান্য সকল তথ্য)** উল্লেখ থাকতে হবে।<br><br>খ) শ্রম হতে নিরসনকৃত শিশুর তথ্য লক্ষ্যমাত্রা অনুযায়ী পূরণের বাস্তবসম্মত কার্যক্রম জোরদার করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন নির্দিষ্ট সময়ে মধ্যে প্রেরণ করতে হবে।<br>ময়মনসিংহ, সিলেট, টাঙ্গাইল, নরসিংদী, কুমিল্লা, দিনাজপুর, সিরাজগঞ্জ, কুষ্টিয়া, যশোর, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, মৌলভীবাজার, ফরিদপুর এবং বগুড়া কার্যালয় পূর্বের মাসের লক্ষ্যমাত্রার সাথে বর্তমান লক্ষ্যমাত্রা সমন্বয়পূর্বক অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>**গ) নতুন ৮টি উপমহাপরিদর্শকের কার্যালয়কে ৩৪৫৫ জন শিশুকে শ্রম হতে নিরসন করার লক্ষ্যমাত্রার সাথে যুক্ত করে স্বাস্থ্য শাখা কর্তৃক একটি পত্র প্রেরণ করা যেতে পারে।** | ১। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। পরিকল্পনা ও উন্নয়ন সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ<br><br>৫। উপমহাপরিদর্শক (ঢাকা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | ঘ) যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) সভায় বলেন, শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) সংক্রান্ত প্রকল্পটির DPP মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন হয়েছে। অক্টোবর মাসে প্রকল্পের কার্যক্রম চালু হবে মর্মে তিনি জানান।<br><br>ঙ) কেরানীগঞ্জের স্থানীয় পোশাক প্রস্তুতকারী ও সরবরাহকারী কারখানা/প্রতিষ্ঠানের শিশুশ্রম নিরসনের প্রণীত ০২ (দুই) বছর মেয়াদী কর্মপরিকল্পনা সময়াবদ্ধ কার্যক্রমের মাধ্যমে হচ্ছে কিনা তা পরবর্তী সভায় উপমহাপরিদর্শক, ঢাকা উপস্থাপন করবেন। | ঘ) শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) সংক্রান্ত প্রকল্পটির অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঙ) কেরানীগঞ্জের স্থানীয় পোশাক প্রস্তুতকারী ও সরবরাহকারী কারখানা/প্রতিষ্ঠানের শিশুশ্রম নিরসনের প্রণীত ০২ (দুই) বছর মেয়াদী কর্মপরিকল্পনা সময়াবদ্ধ কার্যক্রমের মাধ্যমে হচ্ছে কিনা তা পরবর্তী সভায় উপমহাপরিদর্শক, ঢাকা-কে উপস্থাপন করতে হবে। | |
| ৭। | APA এর লক্ষ্যমাত্রা অর্জন | সভাপতি ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে নির্ধারিত সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরবর্তী সভায় তথ্য উপাত্ত উপস্থাপন করবেন। | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে নির্ধারিত সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিত করতে হবে। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে পরবর্তী সভায় তথ্য উপাত্ত উপস্থাপন করত্র হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল)<br>২। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৮। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জানান, ২০২২-২৩ অর্থবছরে এপিএ চুক্তি অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে মর্মে সকল উপমহাপরিদর্শকগণ সভাকে অবহিত করেন।<br><br>খ) উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে প্রধান কার্যালয় হতে রিসোর্স পার্সনকে আমন্ত্রণ জানালে প্রশিক্ষণটি আরো সাফল্যমন্ডিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।<br><br>গ) অতিরিক্ত মহাপরিদর্শক বলেন, উপমহাপরিদর্শকের কার্যালয় হতে অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (ক) APA সহ শুদ্ধাচার এবং ইনোভেশন কাঠামোর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ সম্পাদন করতে হবে। পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত তথ্য-উপাত্ত উপস্থাপন করতে হবে।<br><br>(খ) অভ্যন্তরীণ প্রশিক্ষণে প্রযোজ্য ক্ষেত্রে "বাংলাদেশ শ্রম আইন-২০০৬" এবং "বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫"-এর বিভিন্ন অধ্যায় প্রশিক্ষণের বিষয় হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রশিক্ষণে প্রধান কার্যালয়ের রিসোর্স পার্সনদেরকে অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>গ) প্রতি মাসে উপমহাপরিদর্শকের কার্যালয় হতে অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা)<br><br>৩।উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। SDG বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | | |
| ৯। | বাজেট বরাদ্দ | উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অনুকূলে বাজেট যথাযথভাবে **PPA, ২০০৬** এবং **PPR, ২০০৮** অনুসরণপূর্বক খরচ করার বিষয়ে মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | ১। সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেট সরকারি অনুশাসন মোতাবেক খরচ করতে হবে।<br>২। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম এ বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত প্রতিবেদন প্রত্যেক মনিটরিং টিম পৃথকভাবে উপস্থাপন করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)২। উপমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>৩। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)<br>৪। মনিটরিং টিমের সদস্যবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১০। | Industrial safety unit (ISU) | ক) National Initiative এর অধীন যেসকল কারখানার জন্য পরিদর্শনসূচি নির্ধারণ করা হয়েছে সেগুলো অবিলম্বে পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনের সারসংক্ষেপ দ্রুত সময়ের মধ্যে প্রদান করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) Better work সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ক) National Initiative এর অধীন যেসকল কারখানার জন্য পরিদর্শনসূচি নির্ধারণ করা হয়েছে সেগুলো অবিলম্বে পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনের সারসংক্ষেপ দ্রুত সময়ের মধ্যে প্রদান করতে হবে এবং পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) Better work সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>২। উপমহাপরির্শক (সেইফটি)<br>৩। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ |
| ১১ | ইনোভেশন কার্যক্রম | ক) এপিএ, শুদ্ধাচার কাঠামোয় ইনোভেশন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সকল প্রমাণক প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।<br>খ) ২০২২-২০২৩ অর্থবছরে ইনোভেশন খাতে জেলা কার্যালয়গুলোকে বাজেট বরাদ্দের নিমিত্ত কোড প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | ক) এপিএ, শুদ্ধাচার কাঠামোয় ইনোভেশন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সকল প্রমাণক প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ) ২০২২-২০২৩ অর্থবছরে ইনোভেশন খাতে জেলা কার্যালয়গুলোকে বাজেট বরাদ্দের নিমিত্ত কোড প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |
| ১২ | ই-ফাইলিং | অধিদপ্তরের সকল কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল উপমহাপরিদর্শকের কার্যালয় ও প্রধান কার্যালয়কে উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | সকল দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

চলমান পাতা- ০৬

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১৩ | নিজস্ব অফিস ভবন নির্মাণ | ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নিজস্ব প্রধান কার্যালয় আগাঁরগাও স্থাপনের জন্য উদ্যোগ গ্রহণ করার বিষয়টি সভায় উপস্থিত সকলে বিবেচনার অনুরোধ করেন।<br><br>খ) মহাপরিদর্শক বলেন, প্রধান কার্যালয়ের জন্য আগারগাঁও-এ ১০ (দশ) কাঠা জমি বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা যায়। | (ক) সকল নতুন ভবন অধিদপ্তরের নিজ নামে অধিগ্রহণ করতে হবে।<br><br>(খ) আগারগাঁও, ঢাকায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় স্থাপন এর জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৪ | অধিদপ্তরের নাম পরিবর্তন | ILO কনভেনশন-৮১ মোতাবেক, সভায় উপস্থিত সকল সদস্য অধিদপ্তরের নাম পরিবর্তন করে **‘শ্রম পরিদর্শন অধিদপ্তর’** করা যায় মর্মে একমত পোষণ করেন। | অধিদপ্তরের পরিবর্তিত নাম হিসাবে **‘শ্রম পরিদর্শন অধিদপ্তর’** নামটি বিবেচনার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) |
| ১৫ | SDG বিষয়ক কার্যক্রম | SDG বাস্তবায়নে সংশ্লিষ্ট টিমের কার্যক্রম চলমান থাকবে এবং প্রতি মাসের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | SDG বাস্তবায়নে সংশ্লিষ্ট টিমের কার্যক্রম চলমান থাকবে এবং অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | ১) উপমহাপরিদর্শক (সাধারোন শাখা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>২) উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৩। জনাব মনোয়ার হোসেন, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৬ | দুর্ঘটনা সংক্রান্ত তথ্যাদি | সাধারণ শাখা চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকান্ডের আহত/নিহত শ্রমিকের হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করার প্রয়োজনীয় উদ্যোগ করতে হবে। | চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকান্ডে আহত/নিহত শ্রমিকের সংখ্যা, ক্ষতিপূরণের তথ্য ছক আকারে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সেইফটি)<br><br>২। উপমহাপরির্শক (সাধারণ)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৭ | পরিবহন ব্যয় ও জ্বালানির ব্যবহার | ক) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) বলেন, জ্বালানি ব্যবহারের ক্ষেত্রে বিধি মোতাবেক প্রাপ্যতা অনুসারে খরচ করতে অনুরোধ করেন। উপমহাপরিদর্শকগণ স্ব-স্ব কার্যালয়ে বরাদ্দকৃত মোটরসাইকেল/স্কুটি সচল রাখবেন এবং যানবাহনের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করবেন। এছাড়াও কোন মটর সাইকেল/স্কুটি অব্যবহৃত রাখা যাবে না মর্মে মতামত ব্যক্ত করা | ক) সরকারি অর্থ, পিপিএ এবং পিপিআর ও আর্থিক নিয়মাচার অনুযায়ী সর্বোচ্চ স্বচ্ছতার সাথে ব্যয় নিশ্চিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | হয়।<br><br>খ) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় নিশ্চিত করতে হবে। | খ) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় নিশ্চিত করতে হবে। | |
| ১৮ | শ্রম অসন্তোষ | সভাপতি বলেন, শ্রম অসন্তোষ সংক্রান্ত ক্রাইসিস কমিটি ৬৪ জেলায় জেলাপ্রশাসককে সভাপতি করে গঠিত হবে যেখানে ডাইফ সদস্য সচিবের ভূমিকা পালন করবে। | শ্রম অসন্তোষ সংক্রান্ত ক্রাইসিস কমিটি ৬৪ জেলায় জেলাপ্রশাসককে সভাপতি করে গঠন করতে হবে এবং ডাইফ সদস্য সচিবের ভূমিকা পালন করবে এ সংক্রান্ত কার্যক্রম আগামী সভায় উপস্থাপন করবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সাধারণ),<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৯ | পরিদর্শন সংক্রান্ত | সভাপতি নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোরদার করার জন্য সকল উপমহাপরিদর্শকগণকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা প্রমাপ অনুযায়ী পরিদর্শনের আওতায় আনতে হবে। কোন কারখানা পরিদর্শনের বাইরে রাখা যাবে না; এ বিষয়টি নিশ্চিত করতে হবে এবং চেকলিস্ট অনুযায়ী পরিদর্শন করতে হবে। প্রতি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক পৃথক নথি খুলতে হবে। প্রতি কারখানা/প্রতিষ্ঠানের জন্য আবেদন, ট্রেজারি ইত্যাদির নথি আলাদা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম এ বিষয়গুলো পর্যবেক্ষণপূর্বক প্রতিবেদনে উল্লেখ করবেন। | (ক) উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা পরিদর্শনের আওতায় আনতে হবে।<br><br>(খ) প্রমাপ অনুযায়ী পরিদর্শনের তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং সাধারণ শাখা তা নিশ্চিত করবেন।<br><br>(গ) মনিটরিং টিম কর্তৃক কারখানা/প্রতিষ্ঠানের নথি পরিবীক্ষণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সাধারণ)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। মনিটরিং টিম |
| ২০ | অভিযোগ নিষ্পত্তি | উপমহাপরিদর্শক (সাধারণ) জানান যে, ২০২২-২৩ অর্থবছরে (আগস্ট, ২০২২ মাসে) অভিযোগ নিষ্পত্তির হার ৯৪.৯৪% অর্জিত হয়েছে। প্রতি মাসে অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয় হতে সংগ্রহ করা হয় এবং সংগৃহীত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | (ক) অভিযোগ নিষ্পত্তির হার ১০০% অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকবে।<br><br>(গ) পরবর্তি সভায় জেলাভিত্তিক অভিযোগ নিষ্পত্তির তথ্য ছক আকারে উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২।উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ২১ | শুদ্ধাচার | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন কাঠামো অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করার দিক নির্দেশনা প্রদান করেন। যথাসময়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার পরামর্শ প্রদান করা হয়। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২৩ জেলার সাথে যোগাযোগ রাখবেন। ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোয় অন্তর্ভুক্ত সকল সূচকে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২২ | কোভিড-১৯ | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন ও পরিদর্শন অব্যাহত রাখতে হবে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য প্রটোকলসহ সকল স্বাস্থ্য বিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। | উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৩ | ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প | ক) প্রকল্প পরিচালক সভায় বলেন, জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে জমি অধিগ্রহণের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। ৭টি জেলাতেই ভূমি অধিগ্রহণের জন্য পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।<br><br>খ) প্রকল্প পরিচালক সভায় বলেন, ৬ষ্ঠ পিআইসি সভায় "চলমান উর্দ্ধমুখী সম্প্রসারণ কার্যক্রম সহ সকল নির্মাণ কাজের বিল পরিশোধের আগে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকদের নিকট হতে সকল কাজ সঠিকভাবে সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যয়ন নিতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে মোতাবেক সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকদেরকে একটি ওয়ার্কশপ এবং একটি সভার মাধ্যমে বিস্তারিতভাবে ব্রীফ করা হয়েছে। | (ক) দ্রুততম সময়ের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে জমিগুলোর অধিগ্রহণ সম্পন্ন করতে হবে। পরবর্তি সভায় প্রকল্প পরিচালক অগ্রগতি উপস্থাপন করবেন।<br><br>খ) চূড়ান্ত বিল পরিশোধের ক্ষেত্রে মহাপরিদর্শক এবং সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের সাথে আলোচনাপূর্বক উপমহাপরিদর্শকদের প্রত্যয়ণ সাপেক্ষে তা প্রদান করতে হবে। | প্রস্কল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প |
| ২৪ | "NOSHTRI" স্থাপন প্রকল্প | সহকারী প্রকল্প পরিচালক সভায় বলেন, প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি সংক্রান্ত বিষয়টি পরবর্তী একনেক সভায় উপস্থাপিত হবে। | পরবর্তী সভায় প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক, "NOSHTRI" স্থাপন প্রকল্প |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ২৫ | আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তি | ক) পুরানা ঢাকায় কেমিক্যাল কারখানায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের কল্যাণ তহবিল হতে আর্থিক সহায়তার নিমিত্ত ০৫ (পাঁচ) জন শ্রমিকের প্রাপ্ত আবেদন ০৮ আগষ্ট ২০২২ তারিখের ৪০.০১.০০০০.১০২.৩৭.০০৯.১৭-১৭৭০ নং স্মারকের মাধ্যমে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়েছে। পরবর্তী সভায় এর অগ্রগতি সভায় উপস্থাপন করা হবে।<br><br>(গ) বগুড়ায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের অনুদান প্রাপ্তির আবেদন অত্র দপ্তরের ২৭ জানুয়ারি, ২০২২ তারিখের ৪০.০১.০০০০.১০২.৩৭.০০৯.১৭-২৩৪ নং স্মারকের মাধ্যমে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়েছে পরবর্তী সভায় এর অগ্রগতি সভায় উপস্থাপন করা হবে।<br><br>(ঘ) চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকাণ্ডের আহত/নিহত শ্রমিকের হালনাগাদ অগ্রগতি উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | ক) পুরানা ঢাকায় কেমিক্যাল কারখানায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের কল্যাণ তহবিল হতে আর্থিক সহায়তার নিমিত্ত ০৫ (পাঁচ) জন শ্রমিকের প্রাপ্ত আবেদন ০৮ আগষ্ট ২০২২ তারিখের ৪০.০১.০০০০.১০২.৩৭.০০৯.১৭-১৭৭০ নং স্মারকের মাধ্যমে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়েছে। পরবর্তী সভায় এর অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(গ) বগুড়ায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের অনুদান প্রাপ্তির আবেদন অত্র দপ্তরের ২৭ জানুয়ারি, ২০২২ তারিখের ৪০.০১.০০০০.১০২.৩৭.০০৯.১৭-২৩৪ নং স্মারকের মাধ্যমে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়েছে পরবর্তী সভায় এর অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঘ) চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকাণ্ডের আহত/নিহত শ্রমিকের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সাধারণ)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৬ | আউটসোর্সিং লাইসেন্স নবায়ন প্রতিবেদন | উপমহাপরিদর্শক (সাধারণ) বলেন, ঠিকাদার সংস্থার লাইসেন্স প্রদানের ক্ষেত্রে চেকলিষ্ট প্রণয়ন সংক্রান্ত কমিটি গঠন সংক্রান্ত অফিস আদেশ জারী করা হয়েছে এবং লাইসেন্স নবায়ন সংক্রান্ত চেকলিষ্টের একটি খসড়া চূড়ান্ত করা হয়েছে। | ঠিকাদার সংস্থার লাইসেন্স প্রদানের ক্ষেত্রে চেকলিষ্ট প্রণয়ন সংক্রান্ত গঠিত কমিটির কার্যক্রম আগামী সভায় অবহিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সাধারণ) |
| ২৭ | শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে জমাকৃত অর্থ | **ক)** নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত প্রয়োজন।<br><br>খ) এক্সেল শীটে জমাকৃত টাকার পরিমাণ সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন।<br><br>খ) এক্সেল শীটে জমাকৃত টাকার পরিমাণ সংরক্ষণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ২৮ | প্রতিটি কারখানার জন্য পৃথক নথি সংরক্ষণ | উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। মনিটরিং টিম বিষয়টি পরিদর্শকালে তা পরীবিক্ষণ করবেন। | উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রতিটি কারখানা/ প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বিষয়টি পর্যবেক্ষণ করবেন। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। মনিটরিং টিম |
| ২৯ | প্রতিটি কারখানার পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ | মহাপরিদর্শক বলেন, নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের পরিদর্শন রেজিস্টার উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে সংরক্ষণ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের পরিদর্শন রেজিস্টার উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে সংরক্ষণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩০ | ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন | ইপিজেড এবং এসইপিজেড-এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করার জন্য মহাপরিদর্শক মহোদয় সকল উপমহাপরিদর্শক কার্যালয়ের উপমহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন। | ইপিজেড এবং এসইপিজেড- এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করতে হবে এবং উপমহাপরিদর্শক কার্যালয় ভিত্তিক পরিদর্শনের তথ্য পরবর্তি সভার পূর্বে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩১ | টাস্কফোর্সের কার্যক্রম পরিচালনা | টাস্কফোর্সের কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যাওয়ার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | বিভিন্ন ক্যাটাগরীতে (ফায়ার, ইলেক্ট্রিক্যাল, স্ট্রাকচারাল) টাস্কফোর্সের-এর অধীনে উপমহাপরিদর্শকের কার্যালয় ভিত্তিক কারখানার সংখ্যা এবং তন্মধ্যে কতটি কারখানার কার্যক্রম নিষ্পন্ন/অনিষ্পন্ন রয়েছে, তা আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>০২। টাস্কফোর্সে নিয়োজিত প্রকৌশলী (সকল) |
| ৩২ | মনিটরিং টিম-এর কার্যক্রম | (ক) গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী মনিটরিং-এর কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবেন। | (ক) গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী মনিটরিং-এর কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবেন। | ১। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |
| ৩৩ | পরিদর্শকগণের পোশাক সংক্রান্ত | (ক) যুগ্ম-মহাপরিদর্শক সভায় জানান যে, প্রশাসনিক মন্ত্রনালয় হতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে প্রস্তাবিত কটি/ইউনিফর্ম প্রেরণ করা হয়েছে। | প্রশাসনিক মন্ত্রনালয় হতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে প্রেরিত প্রস্তাবিত কটি/ইউনিফর্ম-এর অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ৩৪ | বিডার সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম | উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) সভায় বলেন, প্রথম পর্যায়ে ৫,২০৬টি কারখানা পরিদর্শন করা হয়েছে। দ্বিতীয় পর্যায়ে ১০৭২ টি মার্কেট ভবন পরিদর্শনের কার্যক্রম চলমান রয়েছে। দ্বিতীয় পর্যায়ে ১০,০০০ কারখানা পরিদর্শনের জন্য ১০৮টি টিমের পুনর্গঠন প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>খ) সভাপতি প্রধান কার্যালয়ের ০৫ জন যুগ্মমহাপরিদর্শক ৫টি দলে বিভক্ত হয়ে অতিরিক্ত মহাপরিদর্শককের সমন্বয়ে প্রতি সপ্তাহে অন্তত একটি করে মার্কেট পরিদর্শন করার নির্দেশনা প্রদান করেন। | পরিদর্শন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) ০৫ জন যুগ্মমহাপরিদর্শক ৫টি দলে বিভক্ত হয়ে অতিরিক্ত মহাপরিদর্শককের সমন্বয়ে গঠিত টিমের অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক, প্রধান কার্যালয় ও এ লক্ষ্যে গঠিত কমিটির অন্যান্য সদস্যবৃন্দ<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩৫ | মামলা সংক্রান্ত তথ্য-উপাত্ত | ক) আদালত ভিত্তিক মামলার সংখ্যা (অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে এবং বিপক্ষে কোন শ্রম আদালতে কয়টি মামলা আছে যেমন:শ্রম আপিল ট্র্যাইব্যুনালে কয়টি আছে,হাইকোর্ট আপিল ট্র্যাইব্যুনালে কয়টি আছে, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্র্যাইব্যুনাল,আপিলেট ট্র্যাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা তা পৃথক পৃথক সংযুক্তি আকারে) সভায় উপস্থাপন না হওয়ায় তা না হওয়াতে অসন্তুষ্টি প্রকাশ করলে যুগ্ম-মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) আগামী সভায় তা উপস্থাপনে ত্রুটি হবে না মর্মে জানান।<br><br>খ) মামলার ডাটাবেজ তৈরির বিষয়ে আগামী সভার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডাটাবেজে কী কী তথ্য থাকবে তা নির্ধারণ করতে হবে। | ক) আদালত ভিত্তিক মামলার সংখ্যা (অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে এবং বিপক্ষে কোন শ্রম আদালতে কয়টি মামলা আছে যেমন:শ্রম আপিল ট্র্যাইব্যুনালে কয়টি আছে,হাইকোর্ট আপিল ট্র্যাইব্যুনালে কয়টি আছে, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্র্যাইব্যুনাল,আপিলেট ট্র্যাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা তা পৃথক পৃথক সংযুক্তি আকারে) সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) মামলার ডাটাবেজ তৈরির বিষয়ে আগামী সভার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডাটাবেজে কী কী তথ্য থাকবে তা নির্ধারণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। জনাব মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা<br><br>৩। জনাব মো: আব্দুল আউয়াল, সহকারী মহাপরিদর্শক (সেইফটি) |
| ৩৬ | অডিট আপত্তি | ক) সভাপতি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যাপারে সর্বোচ্চ গুরুত্বারোপ করেন।<br><br>খ) আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে অগ্রীম অর্থ উত্তোলনকারী জীবিত/মৃত | ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>খ) আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে প্রচলিত নিয়ম ও বিধি পালনপূর্বক প্রয়োজনে সরকারি দাবি আদায় আইনের আওতায় | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব |

চলমান পাতা- ১২

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | কর্মকর্তা/কর্মচারির ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে প্রচলিত নিয়ম ও বিধি পালনপূর্বক প্রয়োজনে সরকারি দাবি আদায় আইনের আওতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা করতে হবে। | সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা করতে হবে। | উপশাখা)<br><br>৩। জনাব মোঃ ওহীদুর রহমান, হিসাব উপশাখা |
| ৩৭ | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট আপডেট | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট আপডেট করা প্রয়োজন। | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে। | আইসিটি সেল, ডাইফ |
| ৩৮ | পদোন্নতি | অতিরিক্ত মহাপরিদর্শক প্রতিমাসে এ বিষয়ের অগ্রগতি সম্পর্কে অবহিত করবেন। | অতিরিক্ত মহাপরিদর্শক প্রতিমাসে এ বিষয়ের অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত মহাপরিদর্শক |
| ৩৯ | বিবিধ | ক) ইউরোপিয় ইউনিয়নের এ্যাকশন প্ল্যান (২০২১-২০২৬) ক্যাটাগরি-১ অনুযায়ী পরিদর্শনকৃত ১৫০টি কারখানার অগ্রগতি প্রতিবেদন আগামী সভার পূর্বে মহাপরিদর্শকের নিকট উপস্থাপন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ) মহাপরিদর্শক তথ্য অধিকার প্রাপ্তি নিশ্চিতে কৃতিত্বপূর্ণ কার্যক্রমের জন্য পুরস্কার প্রাপ্তিতে ময়মনসিংহ কার্যালয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং একটি ডিও প্রদানের ববস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) নতুন অফিসসমূহেকে সার্বিক সহযোগিতা সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট কার্যালয়কে প্রেরণ করতে হবে। | ইউরোপিয় ইউনিয়নের এ্যাকশন প্ল্যান (২০২১-২০২৬) ক্যাটাগরি-১ অনুযায়ী পরিদর্শনকৃত ১৫০টি কারখানার অগ্রগতি প্রতিবেদন আগামী সভার পূর্বে মহাপরিদর্শকের নিকট উপস্থাপন করতে হবে।<br><br>খ) ময়মনসিংহ কার্যালয়কে ধন্যবাদ জ্ঞাপন সংক্রান্ত ডিও প্রদান করতে হবে।<br><br>গ) গ) নতুন অফিসসমূহেকে সার্বিক সহযোগিতা সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট কার্যালয়কে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক<br><br>২। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>৩। উপমহাপরিদর্শক (সেইফটি)<br><br>৪। জনাব মো: ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা |

২। সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮
ig@dife.gov.bd

স্মারক নং: ৪০.০১.০০০০.১০১.০৬.০০২.২১-                                          তারিখ: ১৩ অক্টোবর ২০২২

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪-৬। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠআন পরিদর্শন অধিদপ্তর

৭। জনাব সুকান্ত বসাক, সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় **(পরবর্তি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)**

৮-১১। যুগ্ম-মহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১২-১৫। উপমহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১৬-৩৮। উপমহাপরিদর্শক (সকল জেলা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৩৯। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪০। সহকারি মহাপরিদর্শক (সকল), প্রশাসন ও উন্নয়ন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪১। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪২। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৩। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৪। সহকারী মহাপরিদর্শক (সেইফটি)/শ্রম পরিদর্শক (সেইফটি), (ফায়ার/ইলেক্ট্রিক্যাল/স্ট্রাকচারাল) টাস্কফোর্স কমিটি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪৫। LIMA সাপোর্ট টিম, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪৬। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪৭। অফিস কপি।

১৩/১০/2022

(মোঃ মোর্তজা মোর্শেদ)
উপমহাপরিদর্শক
(প্রশাসন অধিশাখা)